**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 14-04.2026** **Desk in Charge : Susmita M.**

**Time : 7-50 PM** **Edit. & Compile : Priya B.**

**DEO : KB** **NRT : Priya B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

-

## বিশেষ বিশেষ খবরঃ-

১) বিধানসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গে প্রচারাভিযান এখন তুঙ্গে। # বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্যের বুথ স্তরের কর্মীদের তৃণমূল কংগ্রেস সরকারকে উৎখাত করার অভিযানে সর্বতোভাবে সামিল হওয়ার আহ্বান জানিয়েছেন। #বিজেপি ক্ষমতায় এলে, পশ্চিমবঙ্গকে বিভক্ত না করে, দার্জিলিং পাহাড়ে গোর্খা সমস্যার সমাধান করা হবে বলে আশ্বাস দিয়েছেন, বিজেপি নেতা , কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। #তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন, ভোট কাটার জন্য বাইরে থেকে লোক আনা হচ্ছে।

২/ ভোটের আগে অশান্তিপ্রবণ এলাকাগুলিতে মানুষের আস্থা ফেরাতে রাজ্য সরকার, জেলা প্রশাসন ও পুলিশকে একযোগে মাঠে নামার নির্দেশ দিয়েছে।

৩/ রাজ্যে বিধানসভা নির্বাচনে দুই দফা মিলিয়ে মোট ২'হাজার ৯২৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন।

৪/ সংবিধানের অন্যতম রূপকার ডক্টর B R আম্বেদকরের ১৩৬-তম জন্মদিবসে দেশবাসী আজ কৃতজ্ঞ চিত্তে তাঁর স্মৃতিতর্পণ করছে।

৫/ চৈত্র সংক্রান্তির শেষ দিনে আজ চড়ক উৎসবে, শৈব তীর্থগুলিতে ভক্তদের ভিড়। #বাংলা নববর্ষ ১৪৩৩কে আগামীকাল স্বাগত জানাতে প্রস্তুত রাজ্যবাসী।

৬/ IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স টসে জিতে চেন্নাই সুপার কিংস-কে ব্যাট করতে পাঠিয়েছে।

*************************************************************************

বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গে সঙ্গেই পশ্চিমবঙ্গে প্রচারাভিযান এখন তুঙ্গে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা মিটিং, মিছিল, জনসভা ও রোডশোর মাধ্যমে ভোটারদের মন জয়ের সবরকম চেষ্টা চালাচ্ছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র **মোদী** আজ নববর্ষের প্রাক্কালে **'মেরা বুথ সবসে মজবুত'** কর্মসূচীর অধীনে রাজ্যের বুথ স্তরের কর্মীদের সঙ্গে 'নমো অ্যাপে'র মাধ্যমে ভিডিও কনফারেন্সিং-এ কথা বলেন। 'আমার বুথ সবচেয়ে মজবুত'- এই মন্ত্রকে পাথেয় করে তৃণমূল কংগ্রেস সরকারকে উৎখাত করার অভিযানে নামতে দলীয় কর্মীদের পরামর্শ দেন তিনি। তৃণমূল কংগ্রের আমলে হওয়া যাবতীয় দুর্নীতি, RG KAR, কসবা ল'কলেজের মতো ঘটনা যাতে মানুষের স্মৃতি থেকে মুছে না যায়, তাই এই বিষয়গুলি নিয়ে আর বেশী করে প্রচারের ওপর জোর দেন তিনি। **মতুয়া**, নমঃশূদ্র ও অন্যান্য **শরণার্থীরা**, CAA-র মাধ্যমে নাগরিকত্ব পাবেন বলে ফের আশ্বস্ত করেছেন প্রধানমন্ত্রী।

( বাইট- মোদী/ মতুয়া )

বিজেপি নেতা কেন্দ্রীয় **স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্** আজ দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুর, মালদার মানিকচক এবং গাঁজলে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। তিনি বলেন, বিজেপি পশ্চিমবঙ্গকে বিভক্ত না করে, দার্জিলিং পাহাড়ে সাংববিধানিক পদ্ধতিতেই **গোর্খা সমস্যার** সমাধান করবে। বিজেপির সরকার গঠন হওয়ার পর রাজনৈতিক হিংসা, সিন্ডিকেট রাজ বিলুপ্ত হবে।

( বাইট- অমিত শাহ/ গোর্খা সমস্যা )

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জী আজ পশ্চিম মেদিনীপুরের পিংলা, পূর্ব মেদিনীপুরের তমলুক এবং হাওড়ার জগৎবল্লভপুরে তিনটি জনসভা করেন। জগৎবল্লভপুরের সভামঞ্চ থেকে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, কেন্দ্রীয় বাহিনী এবং এজেন্সিকে দিয়ে ভোট করানোর চক্রান্ত করছে বিজেপি। CPIM এবং বিজেপিকে একযোগে নিশানা করেন মুখ্যমন্ত্রী। ভোট কাটার জন্য বাইরে থেকে লোক আনা হচ্ছে বলেও তাঁর অভিযোগ।

( বাইট- মমতা )

কোচবিহারে ABN শীল কলেজ মাঠ থেকে পুরাতন পোস্ট অফিস পাড়া মাঠ পর্যন্ত রোড শো করেন, তৃণমূল কংগ্রেস সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধায়।

লোকসভায় বিরোধী দলনেতা কংগ্রেসের রাহুল গান্ধী আজ উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, মালদার চাঁচোল এবং মুর্শিদাবাদের সামশেরগঞ্জে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। তিনি বলেন, তৃণমূল এবং বিজেপি- দুটি দলই দুর্নীতিগ্রস্ত। সারদা, রোজভ্যালির মতো চিট ফান্ডের টাকা শাসক দলের অ্যাকাউন্টেই গেছে। বিজেপির বিরুদ্ধে ভোট চুরির অভিযোগ তুলেছেন তিনি।

( বাইট- রাহুল )

মালদার কালিয়াচকের কারবালা মাঠে, জনসভা করেন AIMIM-এর প্রধান আসাউদ্দিন ওয়াসি।

বামফ্রন্ট সহ অন্যান্য রাজনৈতিক দলের নেতা নেত্রীরাও একাধিক কেন্দ্রে প্রচারে যোগ দেন।

*************************

ভোটের আগে অশান্তিপ্রবণ এলাকাগুলিতে মানুষের আস্থা ফেরাতে রাজ্য সরকার জেলা প্রশাসন ও পুলিশকে একযোগে মাঠে নামার নির্দেশ দিয়েছে। মুখ্যসচিবের দফতর থেকে জারি করা নির্দেশিকায় স্পষ্ট বলা হয়েছে, অতীতের ভোটে যেখানে হিংসা বা ভয় দেখানোর অভিযোগ উঠেছিল, সেই সব এলাকা চিহ্নিত করে দ্রুত পরিদর্শন করতে হবে। জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার এবং পুলিশ সুপারদের যৌথভাবে এই কাজ করতে হবে। ২০২১ সালের বিধানসভা, ২০২৩ সালের পঞ্চায়েত এবং ২০২৪ সালের লোকসভা নির্বাচনে যেসব এলাকায় অশান্তির অভিযোগ উঠেছিল, সেগুলিকে বিশেষ গুরুত্ব দিতে বলা হয়েছে। আগামী ২ থেকে ৩ দিনের মধ্যে এই সব এলাকায় সরেজমিনে পরিদর্শন করতে হবে।

পরিদর্শনের রিপোর্ট আগামী ১৬ই এপ্রিল বিকেল ৫টার মধ্যে জমা দিতে বলা হয়েছে। একই সঙ্গে প্রতিটি বুথ এলাকায় নিরবচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করতে বলা হয়েছে।

*************************

রাজ্যে বিধানসভা নির্বাচনে মনোনয়ন পত্র ঝাড়াই-বাছাই এবং প্রার্থীপদ প্রত্যাহারের প্রক্রিয়া শেষ হবার পর, দুই দফা মিলিয়ে মোট ২'হাজার ৯২৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার

আসরে রয়েছেন। এর মধ্যে প্রথম দফায় ১৫২ টি আসনের জন্য ১ হাজার চারশো ৭৮ জন এবং দ্বিতীয় দফায় ১৪২টি আসনের জন্য রয়েছেন ১ হাজার চারশো ৪৮ জন প্রার্থী।

প্রথম দফায় ২৩ শে এপ্রিল এবং দ্বিতীয় ২৯শে এপ্রিল ভোট নেওয়া হবে।

*************************

কলকাতার এন্টালি থানা এলাকায় বিজেপি প্রার্থী প্রিয়াঙ্কা টিবরেওয়ালের প্রচারে বাধা দেওয়ার অভিযোগে সাত জনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। আজ সকালে কলকাতা পুরসভার ৫৮ নম্বর ওয়ার্ডে রাজারহাট এলাকায় প্রচারে গেলে তৃণমূল কংগ্রেসের মহিলা কর্মীরা তাঁকে বাধা দেয় বলে অভিযোগ। দুপক্ষের বচসায় এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। দায়িত্বে থাকা পুলিশ কর্মীদের ওপরেও হামলা চালানো হয় বলে অভিযোগ। এই ঘটনায় কয়েকজন পুলিশ কর্মী আহত হয়েছেন বলে খবর। এলাকায় মোতায়েন রয়েছে বিশাল পুলিশ বাহিনী। যদিও সমস্ত অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

এদিকে, উত্তর ২৪ পরগনার বসিরহাটে, নির্বাচনী প্রচার চলাকালীন বিজেপি কর্মীদের ওপর হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে।

*************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় মহিলা ক্ষমতায়ন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য প্রফেসর শান্তা দত্তর সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************

ভারতীয় সংবিধানের অন্যতম প্রধান রূপকার ডক্টর বাবাসাহেব ভীমরাও রামজী আম্বেদকরের ১৩৬-তম জন্মদিনে আজ দেশবাসী তাঁকে কৃতজ্ঞ চিত্তে স্মরণ করছে।

এই উপলক্ষ্যে রাজ্য বিধানসভায় তাঁর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান বিধানসভার সচিব, কর্মী ও আধিকারিকরা। সচিবালয় নবান্নে তাঁর ছবিতে মাল্যার্পণ করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা জগদীশ চন্দ্র রায়।

রাজ্যপাল আর এন রবি, দরিদ্র, বঞ্চিত ও প্রান্তিক মানুষের জন্য সমাধিকার নিশ্চিত করতে বাবাসাহেবের সংগ্রামের কথা স্মরণ করেছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, সমাজ মাধ্যমের এক পোস্টে বি আর আম্বেদকরের জন্ম বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেছেন, বর্তমান সময়ে দাঁড়িয়ে আম্বেদকরের আদর্শ আরো বেশি প্রাসঙ্গিক হয়ে উঠেছে।

*************************

রাঢ় বাংলার ঐতিহ্যবাহী লোক উৎসব গাজন উপলক্ষ্যে রাজ্যের বহু শিব মন্দিরে চড়ক অনুষ্ঠিত হয়েছে। বাংলা বছরের শেষ দিনে চৈত্র সংক্রান্তিতে পালিত হয় চড়ক উৎসব।

শিবভক্তরা চড়কের দড়িতে ঝুলে মহাদেবের নামে জয়ধ্বনি দেন। দুপুরে শিবের মাড়োয় আগুনঝাঁপ ও মনুই উৎসর্গ করেন ভক্তরা।

হুগলির বিখ্যাত শৈবতীর্থ তারকেশ্বর, বাঁকুড়া জেলার এক্তেশ্বর, ওন্দার সিদ্ধেশ্বর, বিষ্ণুপুরের ষাঁড়েশ্বর সহ বহু মন্দিরে চড়ক উপলক্ষে গাজনের মেলায় জনসমাগম হয়েছে।

হুগলীর আরামবাগের খানাকুলে রত্নাবলী সতীপীঠে গাজন উৎসবে মন্দির প্রাঙ্গণে ভিড় জমিয়েছেন বহু মানুষ। অন্যদিকে, আরামবাগের বাতানলেও, শিব আরাধনায় মেতে উঠেছেন ভক্তরা। বানফোঁড়া, কাঁটা ঝাপ, দন্ডি কাটা, শরীরে তীক্ষ্ণ শলাকা বিঁধিয়ে লোকনৃত্যে অংশ নিচ্ছেন তাঁরা।

**পূর্ব বর্ধমানের** কাটোয়ার নওয়াপাড়া মাঠে শতাব্দী প্রাচীন পরম্পরা মেনে বৃক্ষ বন্দনা করে চড়ক উৎসব উদ্‌যাপন করছেন সন্ন্যাসীরা। এখানে চড়কে সন্ন্যাসীর পিঠে বঁড়শী গেঁথে ঘোরানো হয় না। বৃক্ষকে ঘিরে ঢাকের তালে নেচে নেচে সন্ন্যাসীদের শিব বন্দনায় হয় চড়ক।

*************************

আগামীকাল পয়লা বৈশাখ। বাংলা নববর্ষ ১৪৩৩-কে স্বাগত জানাতে প্রস্তুত রাজ্যবাসী।

পুরনোকে পেছনে ফেলে নতুনের আহ্বানে মেতেছে বাংলা। দোকানে দোকানে হালখাতার আয়োজন চলছে জোরকদমে। লক্ষ্মী-গণেশের আরাধনার প্রস্তুতিও চলছে। দশকর্মা, মিষ্টি, ফুলের দোকানগুলিতে ভিড় জমিয়েছেন মানুষ। চৈত্র সেলের শেষ বাজারে আজ পছন্দ মতো জামাকাপড় কিনছেন সববয়সী ক্রেতারা। সোনার দোকানগুলিও আগামীকাল গয়না কেনাকাটির ওপর দিচ্ছে বিশেষ ছাড়।

পয়লা বৈশাখ-এর প্রাক্কালে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন, রাজ্যপাল আর এন রবি।

**************************

আইপিএল ক্রিকেটে, আজ চেন্নাইয়ের M A চিদাম্বরম স্টেডিয়ামে চেন্নাই সুপার কিংস, কলকাতা নাইট রাইডার্সের মুখোমুখি হয়েছে। কলকাতা নাইট রাইডার্স টসে জিতে চেন্নাই সুপার কিংস কে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত চেন্নাই, ৬ ওভারে দুই উইকেটে ৭২ রান করেছে।

*******************************************************************************